খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ

খুলনা।

| | | |
|---|---|---|
| বিষয় | : | কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/ ২০২৩) সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম, এএফডব্লিউসি,পিএসসি, চেয়ারম্যান, কেডিএ, খুলনা। |
| সভার স্থান | : | কেডিএ সম্মেলন কক্ষ। |
| তারিখ | | ২৩ জুলাই, ২০২৩। |
| সময় | : | বেলা ১১:০০ঘটিকা। |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-**'ক'**। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর কেডিএ'র ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোর প্রতি দৃষ্টি আকর্ষণ করে সভার কার্যক্রম শুরু করার জন্য সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন। সে আলোকে সভার কার্যক্রম শুরু হয়।

আলোচ্যসুচী অনুযায়ী কেডিএ'র ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোতে বর্ণিত কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় । বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টার ( এপ্রিল-জুন/২৩) এর সভার সিদ্ধান্ত সমূহের ক্রমিক নং-২,৩,৪ ও ৫ বাস্তবায়ন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। | বাস্তবায়ন সংশ্লিষ্ট শাখা ও কর্মকর্তাবৃন্দ। |
| ২. | যথাযথ প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন দাখিল | ২০২৩-২৪ অর্থ বছর থেকে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ অনলাইনে সফটওয়ারের মাধ্যমে দাখিল পদ্ধতি চালু হয়েছে। তাই ২০২৩-২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার উল্লেখিত কার্যক্রমের লক্ষ্যমাত্রার বিপরীতে প্রতি কোয়ার্টার সমাপ্তির সাথে সাথে যথাযথ প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণ বিলম্বিত হলে তার দায় সংশ্লিষ্ট ব্যক্তি/কর্মকর্তার উপর বর্তাবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হলো । | প্রকল্প পরিচালকবৃন্দ ও সকল শাখা প্রধান |
| ৩. | স্টেক হোল্ডারগণে সাথে সভা। | ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কার্যক্রম ১.৩ এর বিষয়ে সভায় আলোচনা কালে সভায় জানানো হয় যে শুদ্ধাচার কৌশল প্রণয়ন ,বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা,২০২৩-২৪ তে অংশীজনের সভায় **সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং তথ্য অধিকার আইন** সম্পর্কে আবশ্যিকভাবে আলোচনার কথা উল্লেখ করা হয়েছে । সভাপতি মহোদয় স্টেক হোল্ডারগণের সাথে সভা আয়োজনকারী সংশ্লিষ্ট কর্মকর্তা/শাখাকে উক্ত নির্দেশিকা অনুযায়ী সভা অনুষ্ঠানের এবং প্রমানক হিসাবে অংশীজনের সভার রেকর্ড নোটস, হাজিরা ও ছবি নৈতিকতা কমিটির নিকট প্রেরণের নির্দেশনা প্রদান করেন।<br>সিদ্ধান্তঃ স্টেক হোল্ডার সভা সমূহের কার্যবিবরণী, রেকর্ড নোটস , সভার হাজিরা এবং ছবি নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো ।<br>প্রমানকঃ কার্যবিবরণী, রেকর্ড নোটস , সভার হাজিরা এবং ছবি। | সিনিয়র বৈষয়িক অফিসার ,অথরাইজড অফিসার, পরিকল্পনা অফিসার ও সহকারী প্রোগ্রামার |

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিষয়</th><th>আলোচনা ও সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>৪.</td><td>শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন</td><td>২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কার্যক্রম ১.৪ এর লক্ষ্যমাত্রার বিপরীতে কর্মকর্তা/কর্মচারীদের সময়মত প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে এবং প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো ।<br>প্রমাণকঃ প্রশিক্ষণের নোটিশ, হাজিরা ও ছবি</td><td>সচিব</td></tr>
<tr><td>৫.</td><td>কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি</td><td>সফটওয়ারের মাধ্যমে প্রণীত ২০২৩-২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কার্যক্রম ১.৫ এর লক্ষ্যমাত্রার বিপরীতে প্রতি কোয়ার্টারের নির্ধারিত তারিখের মধ্যে নিম্নে বর্ণিত কর্ম-পরিবেশ উন্নয়ন কার্যক্রম সম্পন্নের এবং প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো ।
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কার্যক্রমের নাম</th><th>প্রমাণক হিসাবে যা থাকবে</th></tr>
<tr><td>০১</td><td>দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিতকরণ ( প্রথম কোয়ার্টার) (২৮-০৯-২০২৩)</td><td>পোষাক সরবরাহের কার্যাদেশ ও পরিহিত অবস্থার ছবি</td></tr>
<tr><td>০২</td><td>টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ (দ্বিতীয় কোয়ার্টার) (৩১-১২-২০২৩)</td><td>কমিটির কার্যবিবরণী</td></tr>
<tr><td>০৩</td><td>নথি বিনষ্টকরণ ( তৃতীয় কোয়ার্টার) (৩১-০৩-২০২৩)</td><td>কমিটির কার্যবিবরণী</td></tr>
<tr><td>০৪</td><td>পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি (চতুর্থ কোয়ার্টার) (৩০-০৫-২০২৩)</td><td>পরিচ্ছন্নতার পূর্বের ও পরের ছবি</td></tr>
</table></td><td>সচিব</td></tr>
<tr><td>৬.</td><td>২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ</td><td>২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোর লক্ষ্যমাত্রা মোতাবেক কেডিএ'র ওয়েবসাইটে প্রকাশ এবং প্রকাশিত রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো ।<br>প্রমাণকঃ অফিস আদেশ ও ওয়েবসাইটের স্ক্রিণ সর্ট</td><td>প্রকল্প পরিচালকগণ,নির্বাহী প্রকৌশলীবৃন্দ ও সংশ্লিষ্ট শাখা প্রধান</td></tr>
<tr><td>৭.</td><td>অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের)</td><td>রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় অনুমোদিত ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রতি কোয়ার্টারে লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে । সে অনুযায়ী ক্রয় পরিকল্পনার যথাযথ ভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সচেষ্ট থাকবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>প্রমাণকঃ ক্রয় কার্য সংশ্লিষ্ট কাগজপত্র ও ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন ( উভয় ক্ষেত্রে সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত)</td><td>প্রকল্প পরিচালকগণ,নির্বাহী প্রকৌশলীবৃন্দ ও সংশ্লিষ্ট শাখা প্রধান</td></tr>
<tr><td>৮.</td><td>বাজেট বাস্তবায়ন</td><td>দপ্তর / সংস্থার রাজস্ব ও উন্নয়ন বাজেটের জিওবি অংশের ব্যয় পরিকল্পনা মোতাবেক কোয়ার্টার ভিত্তিক ৮৫% ব্যয় বাস্তবায়নের জন্য শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা,২০২৩-২০২৪ তে নির্দেশনা রয়েছে । সে মোতাবেক বাজেট বাস্তবায়ন করে প্রমাণকসহ প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো ।<br>প্রমাণকঃ iBAS++ প্রতিবেদন। যে সকল দপ্তর/সংস্থা iBAS++ এর অন্তর্ভুক্ত না হলে বাজেট বাস্তবায়নের প্রমাণক হিসাবে সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় থেকে সংগৃহীত সার্টিফিকেট ।</td><td>অর্থ ও হিসাব রক্ষণ অফিসার, প্রকল্প পরিচালকগণ,নির্বাহী প্রকৌশলীবৃন্দ ও সংশ্লিষ্ট শাখা প্রধান</td></tr>
</table>

| ক্রমিক | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৯. | প্রকল্পের PIC সভা আয়োজন | দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এর ২.৪ এর আলোকে নির্ধারিত ছকে প্রকল্পের PIC সভার কার্যবিবরণী যথা সময়ে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>সিদ্ধান্তঃ উক্ত নির্দেশিকার আলোকে PIC সভা করে প্রমাণক কোয়ার্টার সমাপ্তির সাথে সাথে নৈতিকতা কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো ।<br>প্রমাণকঃ আয়োজিত সভার হাজিরা এবং কার্যবিবরণী। | প্রকল্প পরিচালকগণ ও নির্বাহী প্রকৌশলী(প্রকল্প) |
| ১০. | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ ( কম্পিউটার, আসবাবপত্র ও যানবাহন ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ ( কম্পিউটার, আসবাবপত্র ও যানবাহন ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করার জন্য তারিখ নির্ধারিত আছে। সে মোতাবেক কম্পিউটার, আসবাবপত্র ও যানবাহন ইত্যাদি হস্তান্তর করে প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>প্রমাণকঃ সম্পদ হস্তান্তর সংক্রান্ত পত্র, সচল যানবাহন পরিবহণ পুলে জমা প্রদান সংক্রান্ত পত্র, প্রযোজ্য ক্ষেত্রে গঠিত কমিটির সভার কার্যবিবরণী, অচল যানবাহন নিলামে বিক্রয় সংক্রান্ত সভার কার্যবিবরণী ইত্যাদি। | প্রকল্প পরিচালকগণ ও নির্বাহী প্রকৌশলী(প্রকল্প) |
| ১১. | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | টিওএন্ডই ভুক্ত কেডিএ'র যানবাহনসমূহ বিধি মোতাবেক ব্যবহার করা হচ্ছে কিনা যানবাহন পুলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রত্যয়ন পত্র দাখিল করবেন এবং দপ্তর/সংস্থা প্রধান হিসাবে চেয়ারম্যান মহোদয় প্রত্যয়ন পত্র প্রতিস্বাক্ষর করবেন মর্মে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এর **৩.১ উল্লেখ আছে** ।<br>সিদ্ধান্তঃ উক্ত নির্দেশিকা অনুসারে গাড়ি ব্যবহৃত হচ্ছে মর্মে যানবাহন পুলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রত্যয়ন পত্র দাখিল করবেন এবং দপ্তর/সংস্থা প্রধান হিসাবে চেয়ারম্যান মহোদয় প্রত্যয়ন পত্র প্রতিস্বাক্ষর করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>প্রমাণকঃ প্রতিস্বাক্ষরিত প্রত্যয়ন পত্র | সচিব |
| ১২. | সেবা সপ্তাহ পালন | কেডিএ'র ২০২৩-২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ২য় কোয়ার্টারে ( সেপ্টেম্বর-ডিসেম্বর/২০২৩) সেবা সপ্তাহ পালনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। নির্ধারিত সময়ের মধ্যে সেবা সপ্তাহ পালন করা আবশ্যক মর্মে সভায় আলোচনা হয়।<br>সিদ্ধান্তঃ সেবা পালন করে কোয়ার্টার সমাপ্তির সাথে সাথে প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো<br>প্রমাণকঃ সেবা সপ্তাহ পালনের আদেশ,সেবার বিবরণী, ছবি | সিঃ বৈষয়িক অফিসার, অথরাইজড অফিসার, ও পরিকল্পনা অফিসার |
| ১৩. | অনলাইনে ভূমি ব্যবহারের ছাড়পত্র নিষ্পত্তিকরণ | কেডিএ'তে বর্তমানে অনলাইনে ভূমি ব্যবহারের ছাড়পত্র প্রদানের পদ্ধতি চালু রয়েছে। প্রতি কোয়ার্টারে প্রাপ্ত আবেদনের বিপরীতে কতগুলি ছাড়পত্র নিষ্পত্তি হলো, কতটি অনিষ্পন্ন রইলো, কি কারণে নিষ্পন্ন করা সম্ভব হয়নি তার কারণসহ বিস্তারিত প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণ আবশ্যক মর্মে সভায় আলোচনা হয়।<br>সিদ্ধান্তঃ অনলাইনে ছাড়পত্র প্রদানের যাবতীয় তথ্যসহ প্রতিবেদন ও প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে | পরিকল্পনা অফিসার |

| ক্রমিক | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | সিদ্ধান্ত গৃহীত হলো ।<br>প্রমাণকঃ অনলাইনে ছাড়পত্র নিষ্পত্তির অনলাইন প্রতিবেদন, নমূনা ও প্রত্যয়ন | |
| ১৪. | অনলাইনে নকশা অনুমোদন আবেদন নিষ্পত্তিকরণ | কেডিএ'তে বর্তমানে অনলাইনে নকশা অনুমোদন পদ্ধতি চালু রয়েছে । প্রতি কোয়ার্টারে প্রাপ্ত আবেদনের বিপরীতে কতগুলি নকশা নিস্পত্তি হলো , কতটি অনিষ্পন্ন রইলো , কি কারণে নিষ্পন্ন করা সম্ভব হয়নি তার কারণসহ বিস্তারিত প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণ আবশ্যক মর্মে সভায় আলোচনা হয় ।<br>সিদ্ধান্তঃ অনলাইনে নকশা অনুমোদনের যাবতীয় তথ্যসহ প্রতিবেদন ও প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>প্রমাণকঃ অনলাইনে নকশা অনুমোদনের অনলাইন প্রতিবেদন, নমুনা ও নকশা অনুমোদনের প্রত্যয়ন পত্র । | অথরাইজড অফিসার |
| ১৫. | DAP অনুযায়ী ভূমি ব্যবহারের ধরণ জ্ঞাতকরণ: | DAP অনুযায়ী ভূমি ব্যবহারের ধরণ জ্ঞাতকরণের জন্য ২০২৩-২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় নিম্নোক্ত লক্ষ্যমাত্রা নির্ধারিত হযেছে ।<br>ক) ১ম কোয়ার্টার: কেডিএ ওয়েবসাইটে DAP ম্যাপ প্রকাশ ;<br>খ) ২য় কোয়ার্টার: কেডিএ'র অধিক্ষেত্র এলাকার সকল পৌরসভায় DAP ম্যাপ স্থাপন ;<br>গ) ৩য় কোয়ার্টার: কেডিএ'র অধিক্ষেত্র এলাকার সকল উপজেলায় DAP ম্যাপ স্থাপন ;<br>ঘ) ৪র্থ কোয়ার্টার: কেসিসি'র সকল ওয়ার্ডে DAP ম্যাপ স্থাপন।<br>সিদ্ধান্তঃ লক্ষ্যমাত্রা অনুসারে কার্যক্রম বাস্তবায়ন করে প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত এ্লো ।<br>প্রমাণকঃ লক্ষ্যমাত্রা মোতাবেক DAP ম্যাপ প্রকাশ ও স্থাপনের আদেশ ও DAP স্থাপন সংক্রান্তে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র। | পরিকল্পনা অফিসার |
| ১৬. | সেবা সংক্রান্ত তথ্যের বহুল প্রচার । কেডিএর সেবা সংক্রান্ত তথ্যের বহুল প্রচার (দৈনিক পত্রিকা, কিয়স্কি স্থাপন, ক্যাবল টিভি স্ক্রল, লিফলেট বিতরণ) | নগর পরিকল্পনা, ভূমি ব্যবহার ও ইমারত নির্মাণ সংশ্লিষ্ট আইনকানুন বিধিবিধান অনুযায়ী সেবা প্রদান ও জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে টিভিস্ক্রল, লিফলেট,বিজ্ঞাপন, প্যানাসাইন ইত্যাদির মাধ্যমে কেডিএ'র চলমান প্রচারনামূলক পদক্ষেপসমূহ এবং অফিসে সদ্য স্থাপিত কিয়স্কির দ্বারা সেবা প্রত্যাশীদের কাংক্ষিত তথ্য জানা সহজতর হয়েছে । এ বিষয়গুলি প্রমাণক সহকারে অগ্রগতি প্রতিবেদনে সন্নিবেশ করার সিদ্ধান্ত গৃহীত হলো | সিনিয়র বৈষয়িক অফিসার,<br>অথরাইজড অফিসার ,<br>পরিকল্পনা অফিসার<br>ও<br>সহকারি পরিচালক<br>( প্রশাসন) |

সর্বোপরি সভাপতি ২০২৩-২৪ অর্থ বছরের সফটওয়ারের মাধ্যমে অগ্রগতি প্রতিবেদন দাখিলের উল্লেখ করে যথাসময়ে কার্যক্রম সম্পন্ন করার জোর তাগিদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৩/৭/২০২৩

ব্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
কেডিএ, খুলনা
ও সভাপতি
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি।